# Signing of Agreement between the Government of the Republic of India and the Government of the Federal Republic of Germany on a Comprehensive Migration and Mobility Partnership

December 05, 2022

## একটি ব্যাপক অভিবাসন এবং গতিশীলতা অংশীদারিত্বের উপরে ভারত প্রজাতন্ত্র সরকার এবং ফেডারেল রিপাবলিক অব জার্মানির সরকারের মধ্যে চুক্তি স্বাক্ষর

ডিসেম্বর 05, 2022

2019 সালে ভারত এবং জার্মানির মধ্যে অভিবাসন ও গতিশীলতা অংশীদারিত্বের মূল উপাদানগুলির উপর অভিপ্রায়ের বিবৃতিকে বাস্তবরূপ দেবার জন্য, ভারত প্রজাতন্ত্র এবং ফেডারেল রিপাবলিক অব জার্মানির সরকার একটি ব্যাপক অভিবাসন এবং গতিশীলতা অংশীদারিত্বের উপরে একটি চুক্তি স্বাক্ষর করেছে। বিদেশমন্ত্রী ডঃ এস.জয়শংকর এবং জার্মানির পররাষ্ট্র বিষয়ক ফেডারেল মন্ত্রী আন্নালেনা বায়েরবক যথাক্রমে ভারত সরকারের তরফে এবং জার্মানি সরকারের তরফে চুক্তিতে স্বাক্ষর করেছেন।

চুক্তিটি ভারতের সাথে জার্মানির দ্রুত প্রসারিত বহু-মুখী কৌশলগত অংশীদারিত্বের সাক্ষ্য। জার্মানির দক্ষ অভিবাসন আইন2020 অ-ইইউ দেশগুলি থেকে শ্রমিক আসার সুযোগকে বর্ধিত করেছে। 2023সালের প্রথম দিকে একটি নতুন আইন গ্রহণের মধ্যে দিয়ে জার্মানি সরকার বিদেশ থেকে দক্ষ -শিক্ষিত শ্রমিকদের অভিবাসনকে উল্লেখযোগ্য ভাবে সুবিধাযোগ্য করার প্রস্তাব রেখেছে। ভারত-জার্মানি এমএমপিএ হল সম্ভাব্য শ্রম বাজারের গন্তব্য দেশগুলির সাথে চুক্তির একটি নেটওয়ার্ক তৈরি করার সামগ্রিক প্রচেষ্টার একটা অংশ। যার দ্বৈত উদ্দেশ্য হল এই দেশগুলির শ্রম বাজারে প্রবেশ করার জন্য অনুকূল ভিসা ব্যবস্থা তৈরি করা।

দক্ষতা এবং প্রতিভার বিনিময়কে লালনপালন করার জন্য গতিশীলতা এবং কর্মসংস্থানের সুযোগকে সুবিধা প্রদান করার জন্য চুক্তিটিতে নির্দিষ্ট বিশেষ ব্যবস্থা রয়েছে। এগুলির মধ্যে অন্তর্ভূক্ত রয়েছে নিউ দিল্লিতে একাডেমিক ইভোলিউয়েশন সেন্টার, শিক্ষার্থীদের জন্য 18মাস ব্যাপী আবাসিক পারমিট, প্রতিবছর চাকরীর অনুসন্ধানের জন্য তিনহাজার ভিসা, উদারীকৃত স্বল্পকালীন বহুমুখী ভিসা এবং সুবিন্যস্ত পুনরায় ভর্তির পদ্ধতি। চুক্তিটি, অভিবাসন ও গতিশীলতার ক্ষেত্রে সহযোগিতাকে আরও গভীর করার জন্য একটি জয়েন্ট ওয়ার্কিং গ্রুপকে প্রাতিষ্ঠানিক আকার দেবে। ভারতে জার্মান রাষ্ট্রদূত ডঃ ফিলিপ আক্রেমান এবং ভারত সরকারের ও জার্মানি সরকারের অন্যান্য আধিকারিকরা চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

নিউ দিল্লি
ডিসেম্বর 05, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.